হস্তশিল্পের মেলা

দুরন্ত বার্তা, মালদা, ২৮ অক্টোবর ঃ পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র, ছোট, মাঝারি উদ্যোগ এবং বস্ত্র দফতরের সহযোগিতায় জেলা শিল্প কেন্দ্রের ব্যবস্থাপনায় জেলার হস্তশিল্প প্রতিযোগিতা ও প্রদর্শনের আনুষ্ঠানিক উদ্বোধন হল বৃহস্পতিবার। দুই দিনব্যাপী চলবে এই প্রদর্শনী। এদিন মালদা জেলা শিল্প কেন্দ্রর সভা কক্ষে প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রায় ৯০জন শিল্পী প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা শাসক শম্পা হাজরা, জেলা শিল্প কেন্দ্রের মুখ্য আধিকারিক মানবেন্দ্র মন্ডল, জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের মুখ্য আধিকারিক শাশ্বতী সাহা, মালদা ম্যাংগো মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি উজ্জল সাহা সহ অন্যান্যরা। জল রং, তৈলচিত্র, হস্তশিল্প, শাড়ী প্রিন্টিং সহ শিল্পীদের হাতে তৈরি বিভিন্ন জিনিস প্রদর্শিত হয় এই প্রর্দশনীতে। এই বিষয়ে ম্যাংগো মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি উজ্জল সাহা জানান, জেলা শিল্প কেন্দ্রের সহযোগিতায় দুই দিনব্যাপী প্রতিযোগিতা ও প্রদর্শনীর আয়োজন করা হয় জেলা শিল্প কেন্দ্রের সভাকক্ষে। এখানে যারা প্রতিযোগিতায় স্থান পাবেন, তাদের শিল্পকলা পাঠানো হবে কলকাতায়। রাজ্যস্তরে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন তারা।

ধৃত পাচারকারী

দুরন্ত বার্তা, মালদা, ২৮ অক্টোবর ঃ প্রায় চার লক্ষ টাকা মূল্যের চোরাই মোবাইল পাচারের অভিযোগে এক যুবককে গ্রেফতার করলো ইংরেজবাজার থানার পুলিশ। বৃহস্পতিবার সকালে মহদীপুর এলাকার ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক বাণিজ্য সীমান্ত দিয়ে পণ্যবাহী কোন এক লরির মাধ্যমেই ওই চোরাই মোবাইলগুলি বাংলাদেশে পাচার করার পরিকল্পনা নিয়েছিল ধৃত যুবক, জানিয়েছে পুলিশ। কিন্তু তার আগে পুলিশ অভিযান চালিয়ে দশটি নামিদামি কোম্পানির চোরাই মোবাইল উদ্ধার করেছে। ইংরেজবাজার থানার আইসি আশিস দাস জানিয়েছেন, ধৃতের নাম সামিউল শেখ। তার বাড়ি ইংরেজবাজার থানার মহারাজপুর এলাকায়। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে দশটি চোরাই মোবাইল। বিভিন্ন নামিদামি কোম্পানির এই চোরাই মোবাইলগুলি সীমান্তের ওপারে পাচার করার পরিকল্পনা নিয়েছিল ধৃত ওই যুবক। উদ্ধার হওয়া চোরাই মোবাইলগুলির বর্তমান বাজারমূল্য প্রায় ৪ লক্ষ টাকা। কিন্তু গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে ওই যুবককে গ্রেফতার করা হয়। এই ঘটনার পেছনে আর কারা জড়িত রয়েছে সে ব্যাপারেও তদন্ত শুরু করা হয়েছে।

করোনা সতর্কতা

দুরন্ত বার্তা, দিঘা, ২৮ অক্টোবর ঃ ফের করোনার বাড়বাড়ন্ত । যে কারনে পূর্ব মেদিনীপুরের সৈকত শহর দিঘায় মাইকিং করে সতর্ক করল পুলিশ-প্রশাসন। পর্যটক থেকে শুরু করে দোকানদার, ব্যবসায়ী সকলকে মাস্ক পরতে হবে, এমনই বাধ্যতামূলক। কারন করোনা গ্রাফ ফের মাথাচাড়া দিচ্ছে। দুর্গাপূজা, লক্ষ্মী পূজা কাটলেও করোনা স্তব্ধ হয়নি। দীর্ঘ দু'বছর অতিক্রান্ত হলেও করোনা গ্রাফ যেন উর্দ্ধমুখী হচ্ছে। মাঝখানে কিছুটা স্থিতিশীল হলেও ফের নতুন করে করোনা সংক্রমণ বাড়তে শুরু করেছে রাজ্যের বিভিন্ন প্রান্তে। সংক্রামিতের পরিমাণ যেমন বাড়ছে, তেমনি মৃত্যু সংখ্যাও ধাপে ধাপে এগোচ্ছে। তবু কিছু অসচেতন মানুষ আজও মাস্কহীন হয়ে দেদার ঘুরে বেড়াচ্ছে খোলা বাজারে। সে কারনে সৈকত নগরী দিঘায় করোনা সতর্কবার্তা পৌঁছে দিল পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন ও দীঘা থানার পুলিশ। যাতে পর্যটকরা মাস্ক পরে তবেই সমুদ্রে নামে। দিঘায় পুলিশ-প্রশাসন কড়া পদক্ষেপ নিয়ে মাস্কহীনদের ২১ জনকে ইতিমধ্যে গ্রেফতার করেছে।

মৃতদেহ উদ্ধার

দুরন্ত বার্তা, মেদিনীপুর, ২৮ অক্টোবর ঃ বুধবার রাত্রে নারায়ণগড় থানার চাতুরী ভাড়া থেকে সোনারপুর যাওয়ার রাজ্য সড়কের কাছে এক আশ্রমের পাশে জঙ্গল থেকে উদ্ধার হয় এক মহিলার মৃতদেহ। বুধবার সন্ধ্যায় নারায়ণগড় থানার পুলিশ মৃত দেহ উদ্ধার করে। পুলিশ জানিয়েছে মৃত ওই মহিলার নাম রাধারানী হাটুই, বয়স আনুমানিক ৬২ বছর, বাড়ি নারায়ণগড়ের চাতুরী ভাড়া সংলগ্ন আশ্রম মোড়ে বহুরূপা এলাকায়। জঙ্গলে মৃতদেহ পড়ে থাকতে স্থানীয়রা পুলিশে খবর দেয় খবর পেয়ে নারায়ণগড় থানার পুলিশ মৃত দেহ উদ্ধার করে। খবর পেয়ে থানায় গিয়ে পৌঁছান সীমন্ত হাটুই। মৃত মহিলার ছেলে সীমন্ত হাটুই জানান তার মায়ের হাই প্রেসারের রোগ ছিল। আর এদিন বিকেলে হাঁটতে বেরিয়ে কোন কারণে পড়ে গিয়ে তার মৃত্যু হয়। মৃতদেহটি ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে পুলিশ।

শ্যামা আরাধনায় নানা থিমে চমক বর্ধমানের বিভিন্ন প্রান্তে

সুজিত দত্ত, বর্ধমান, ২৮ অক্টোবর ঃ দুর্গাপুজায় বিভিন্ন থিম ভাবনা ফুটিয়ে তুলতে দেখা যায় বর্ধমানের পুজো কমিটিগুলিকে। কিন্তু কালীর শহর বর্ধমানে বিভিন্ন ঐতিহাসিক কালীমন্দির থাকায় মানুষের ভিড় থাকে শহরের বিভিন্ন এলাকায় প্রতিষ্ঠিত কালী মন্দিরগুলিতে। এছাড়া ব্যক্তিগতভাবে বা পারিবারিকভাবেও কালীর আরাধনা হয় বর্ধমান শহরের অনেক বাড়িতেই। তবে শহরের বড়নীলপুর আমবাগানের জাগরণী সংঘ কিন্তু বরাবরই বিভিন্ন থিমের মাধ্যমে কালীপুজা করে বর্ধমানবাসীকে চমক দিয়ে আসছে দীর্ঘদিন ধরে। এবারে ৫২বর্ষে জাগরণীর থিম 'বঙ্গে এলো মা'। এছাড়া বিশেষ আকর্ষন হিসাবে রয়েছে পঞ্চকালী মূর্তি। জাগরণী সংঘের সম্পাদক তথা বিশিষ্ট সমাজসেবী রাসবিহারী হালদার জানিয়েছেন, জাগরণী প্রথম থেকেই থিম ভাবনার উপর জোর দিয়ে এসেছে। ৫২তম বর্ষে এবারের থিম 'শ্যামা এল বঙ্গে'। প্রায় ১৫ লক্ষ টাকা বাজেট ধরা হয়েছে। এবারে বিশেষ আকর্ষন পঞ্চকালী। মূল কালী প্রতিমার সাথে থাকবে রাজ্যের বিখ্যাত চার কালীমূর্তি। দক্ষিণেশ্বরী, কালিঘাটের কালী, আদ্যাপীঠ ও তারাপীঠের কালীপ্রতিমা রাখা থাকবে মন্ডপে। সম্পূর্ণ কোভিড বিধি মেনেই মন্ডপে প্রবেশ করতে দেওয়া হবে দর্শনার্থীদের। মন্ডপের মূল প্রবেশ পথে বসানো হবে স্যানিটাইজ ট্যানেল। থাকছে মাস্কের ব্যবস্থাও। দুঃস্থদের বস্ত্র বিতরণ করা হবে বলে জানিয়েছেন রাসবিহারীবাবু। উল্লেখ্য, জাগরনী সংঘের মাঠে কালীপূজা উপলক্ষে প্রতিবছরই মেলা বসে যেখানে ফাস্টফুডের বিভিন্ন স্টল ছাড়াও শিশুদের মনোরঞ্জনের জন্য বিভিন্ন ধরনের খেলার উপকরণ থাকে বর্ধমানবাসীর কাছে আলাদা আকর্ষনের কেন্দ্রবিন্দু। তবে করোনা আবহে এবছর অন্যান্য বারের মত মেলা বসানো যাবে কিনা তা নিয়ে এখনও সংশয়ে পূজা কমিটির কর্মকর্তারা। বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনও করা হয়ে থাকলেও এক্ষেত্রেও একই আশঙ্কা থেকে যাচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, বর্ধমান শহরের আনাচে-কানাচে ছড়িয়ে রয়েছে অনেক বিখ্যাত কালী মন্দির। কমলাকান্ত, ফৌজদারী, ক্ষিন্নিতলা, কঙ্কালেশ্বরী, ওঁক্লিং কালীবাড়ি, ছিন্নমস্তা, দুর্লভ কালীবাড়ি, সোনার কালীবাড়ি এবং কালিবাজারের বড়মা কালী মন্দির ছাড়াও বর্ধমান শহরে আরও বেশ কয়েকটি বিখ্যাত কালীমন্দিরে ভক্তদের ভীড় থাকে লক্ষনীয়। তবে দুর্গাপুজোর মত থিম ভাবনায় নামছে এবারের বেশ কিছু পুজোকমিটি। সেখানেও দর্শনার্থীদের ভীড় থাকবে বলেই আশাবাদী আয়োজকরা।

ব্রিটিশ আমলে থানায় কালীপুজা

দুরন্ত বার্তা, চাঁচল, ২৮ অক্টোবর ঃ কালীপুজোর প্রবর্তন নিয়ে কাহিনীর অভাব নেই এই বাংলায়। বেশিরভাগ কালীপুজোই প্রতিষ্ঠা পেয়েছিল ডাকাতদের হাত ধরে। কিছু পুজো তৎকালীন রাজা-বাদশা কিংবা জমিদারদের পৃষ্ঠপোষকতায় প্রতিষ্ঠা পায়। কিন্তু বিদেশিদের পৃষ্ঠপোষকতায় কালীপুজোর প্রবর্তন? তেমনটা বোধহয় এখনও সেভাবে শোনা যায়নি। কিন্তু সেই গন্ধই পাওয়া যাচ্ছে চাঁচলে। ব্রিটিশ আমলে তৎকালীন খরবা থানায় শুরু হয়েছিল এই কালীপুজো। পরবর্তীতে খরবা থানার অবলুপ্তি ঘটে। এখন খরবায় রয়েছে পুলিশ ফাঁড়ি। থানা সরে এসেছে চাঁচলে। ১৯৭২ সালে এই পুজোও চাঁচল থানায় সরিয়ে নিয়ে আসা হয়েছে। কিন্তু কালীমাতাকে নাকি খরবা ফাঁড়ি থেকে সরানো যায়নি। দীপান্বিতা অমাবস্যায় এখনও প্রথমে খরবা ফাঁড়িতে মায়ের আরাধনা হয়। তারপর শক্তিদায়িনীর পুজো হয় চাঁচল থানায়। এই ভাবে দশকের পর দশক ধরে পূজিতা হয়ে আসছেন দক্ষিণা কালী। একসময় পশু বলিপ্রথা থাকলেও বছর দুয়েক আগে সেই বলি প্রথায় নিস্পত্তি ঘটেছে। বর্তমানে ব্রিটিশ আমলের এই পুজোর ভার তুলে নিয়েছেন মহিলারা। মহিলাদের উদ্যোগে এই পুজো পরিচালিত হয়। মালদার চাঁচল থানার কালী পুজো যা এখন চাঁচল থানা মহিলা আবাসন পুজো বলেই পরিচিত। প্রতিবছর জাকজমক ভাবেই এই পুজো হয়ে আসছে। এবারেও খামতি রাখতে চান না উদ্যোক্তারা। তাই এখন থেকেই সমগ্র মন্দির প্রাঙ্গণ সাজিয়ে তোলা হচ্ছে শক্তি আরাধনার জন্য। পুজোর হাতে মাত্র কয়েকটা দিন বাকি, ইতিমধ্যে পূজা ঘিরে শুরু হয়েছে তোড়জোড়। গোটা মন্দির চত্বরে দেওয়া হচ্ছে রঙের প্রলেপ। এছাড়াও মন্দির সহ গোটা থানা প্রাঙ্গনে লাগানো হচ্ছে রঙবাহারি আলো, শুরু হয়েছে প্যান্ডেলও। চাঁচল থানার পুজোতে শহর ছাড়াও গ্রামগঞ্জ থেকে বহু মানুষের সমাগম ঘটে।

মেঠোকালীর প্রাচীনত্ব ও মাহাত্ম্য

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২৮ অক্টোবর ঃ বাঁকুড়া জেলার ইন্দাস ব্লকের আকুই-১ গ্রাম পঞ্চায়েত এলাকার মান্দড়া মৌজার কয়েকশো বছরের প্রাচীন কালী 'মাঠের কালী' নামে এলাকায় সমধিক পরিচিত। এলাকায় প্রচলিত লোককথা, কয়েক'শো বছর পূর্বে এই এলাকা ঘন জঙ্গলে ভর্তি ছিল। এখনকার মতো তেমন জনবসতি গড়ে ওঠেনি। চোর-ডাকাতদের মুক্তাঞ্চল ছিল বলা যায়। তখন কোনো এক গভীর রাতে এক ডাকাতদল গ্রামের আলপথ দিয়ে ডাকাতির উদ্দেশ্যে যাচ্ছিল। হঠাৎ ডাকাত সর্দারের নজরে এল লাল শাড়ি পরা একটি বাচ্চা মেয়ে তাঁদের পথের উপর দাড়িয়ে কাঁদছে। এত রাতে ওই জায়গায় দাঁড়িয়ে কান্না কেন, তা ওই মেয়েটির কাছে জানতে চাইলেন ডাকাত সর্দার। বার বার জানতে চেয়েও কোনো উত্তর না পেয়ে ডাকাতদল কালবিলম্ব না করে ডাকাতির উদ্দেশ্যে বেরিয়ে গেল। ওই পথ দিয়ে ফেরার সময় ঠিক ওই জায়গাতেই ডাকাতদলটি মায়ের দু'টি পদচিহ্ন দেখতে পেল। আর ডাকাত সর্দার তখনই সিদ্ধান্ত নিলেন, ওই জায়গাতেই কালীর আরাধনা করা হবে। কথিত আছে, তৎকালীন সময়ে ওই স্থানে নরবলি দেওয়া হত। এখান 'মাঠ কালী'র নিত্যপূজা হয় আর কার্তিক মাসে কালীপূজার দিন বিশেষ পূজা হয়। এখানে মূর্তিপূজা হয় না। নরমুণ্ডীর আসনকেই দেবীজ্ঞানে পূজা করার রীতিই এখানে। মান্দড়ার ধাড়া পরিবারের লোকজন পূজার দায়িত্বে থাকলেও পূজাপাঠ করেন স্থানীয় বটব্যাল বংশের পুরোহিতরা। বর্তমানে কালীপূজার দিন শতাধিক ছাগ বলি হয় এখানে। এ ছাড়াও আখ, কুমড়ো ও লেবু বলিও হয় বলে জানালেন মান্দড়া গ্রামেরই বাসিন্দা তুহিন নন্দী। তিনি আরও জানালেন, পূজা উপলক্ষ্যে প্রচুর ভক্ত সমাগম ঘটে এই সময়। এই মেঠো কালীর আরও একটি অন্যতম বৈশিষ্ঠ্য হল দেবীর পূজাস্থানের ছবি তোলা নিষিদ্ধ। বর্তমানের উন্নত প্রযুক্তির যুগে ইচ্ছে থাকলেও অজস্র ভক্তকে ছবি তোলা থেকে বিরত থাকতে হয়।

বৃহস্পতিবার শিয়ালদহ ডিভিশনের বিভিন্ন স্টেশন পরিদর্শন করছেন পূর্ব রেলের জেনারেল ম্যানেজার শ্রী অরুণ অরোরা। এছাড়াও উপস্থিত রয়েছেন বিভিন্ন উচ্চপদস্থ বিভাগীয় আধিকারিকরা। -নিজস্ব চিত্র।

বিরল রাজহাঁস

দুরন্ত বার্তা, নদীয়া, ২৮ অক্টোবর ঃ ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৯টি বিরল প্রজাতির কালো রাজহাঁস উদ্ধার করল বিএসএফ। উদ্ধার হওয়া ওই হাঁসগুলি বৃহস্পতিবার নদীয়ার রানাঘাট বনদপ্তরের হাতে তুলে দেওয়া হয়। বিএসএফ সূত্রে জানা গিয়েছে, এদিন ৫৪ নম্বর ব্যাটেলিয়ানের বিএসএফ জওয়ানরা নদীয়ার কৃষ্ণগঞ্জের সীমান্ত লাগোয়া বিজয়পুর এলাকায় অভিযান চালান। সেই সময় পৃথক ন'টি বড় ব্যাগ উদ্ধার হয়। প্রতিটি ব্যাগে একটি করে কালো রাজহাঁস ছিল। বিএসএফ সূত্রে জানা গিয়েছে, এদিন সীমান্ত এলাকায় দুই যুবক বাংলাদেশ থেকে ওই ব্যাগগুলি চোরাপথে সীমান্ত পার করে বিজয়পুর এলাকায় নিয়ে আসছিল। জওয়ানদের দেখা মাত্রই পাচারকারীরা ব্যাগ ফেলে পালিয়ে যায়। বিএসএফ তাদের তাড়া করতেই দুই যুবক ঘন জঙ্গলের মধ্যে দিয়ে বাংলাদেশে পালিয়ে যায়। বিএসএফের দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের এক কর্তা বলেন, সীমান্তে সবরকম চোরাচালান আটকাতে আমরা বদ্ধপরিকর। আমাদের জওয়ানরা সবসময় নজরদারি চালাচ্ছে। যে কারণে এই ধরনের পাচার আটকানো সম্ভব হচ্ছে। বনদপ্তর সূত্রে জানা গিয়েছে, উদ্ধার হওয়া ওই কালো প্রজাতির রাজহাঁস সাধারণত অস্ট্রেলিয়ায় দেখা যায়। মোটা টাকার বিনিময়ে বাংলাদেশ হয়ে সেগুলি এদেশে আনা হচ্ছিল।

অভিযোগ পার্থের

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৮ অক্টোবর ঃ বুধবার বিএসএফ জওয়ানদের সাথে বিজেপি নেতাদের দেখা করাকে কেন্দ্র করে জেলা শাসকের কাছে অভিযোগপত্র জমা দিলেন পার্থপ্রতিম রায়। বৃহস্পতিবাল সকাল ১০.৩০টা নাগাদ জেলা শাসকের করণে এই অভিযোগপত্র নিয়ে যান পার্থ বাবু সহ তৃণমূলের নেতা-কর্মীরা। তাদের অভিযোগ, কোচবিহারে বিজেপি বিএসএফের ডিআইজির বৈঠক নির্বাচনকে প্রভাবিত করার চক্রান্ত ও অভিসন্ধিমূলক।কোচবিহার জেলার দিনহাটার উপনির্বাচন এর প্রাকমুহূর্তে নির্বাচনী আচরণবিধির তোয়াক্কা না করে অভিসন্ধি মেনে বৈঠক করলেন কোচবিহারের ২ নং ব্লকের গোপালপুর কাকরি বাড়িতে। সেই বৈঠকে ছিলেন বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এবং কোচবিহার জেলা সভানেত্রী মালতি রাভা। সাংবাদিক বৈঠক করে পার্থপ্রতিম রায় জানান, নির্বাচনের সন্ধিক্ষণে এরকম একটা বৈঠক নিতান্তই সৌজন্যমূলক নয়। এটা বিজেপির উদ্দেশ্যপ্রণোদিত ও এর পেছনে নিশ্চয় কোন বড়রকম দুরভিসন্ধিমূলক ব্যপার আছে এবং নির্বাচনকে প্রভাবিত করার উদ্দেশ্যে আছে বলে আমরা মনে করি।

শব্দবাজি আটক

দুরন্ত বার্তা, মালদা, ২৮ অক্টোবর ঃ আসন্ন দীপাবলীর আগে প্রচুর পরিমাণে নিষিদ্ধ শব্দবাজি সহ তিন জনকে আটক করল ইংরেজবাজার থানার পুলিশ। ইংরেজবাজার থানার সাদুল্লাহপুর এবং রথবাড়ি এলাকায় হানা দিয়ে উদ্ধার করা হয় নিষিদ্ধ শব্দবাজি। পাশাপাশি তিনজন বিক্রেতাকে আটক করে পুলিশ। ধৃতদের নাম, সত্যজিৎ মন্ডল, প্রসেনজিৎ মন্ডল। দু'জনের বাড়ি মোথাবাড়ি এলাকায়। এছাড়াও ধৃত বিজয় মন্ডলের বাড়ি ঝলঝলিয়া এলাকায়।

বাড়তে থাকা চুরির ঘটনায় প্রশাসনের ভূমিকায় ক্ষোভ

সজল দাশগুপ্ত, ময়নাগুড়ি, ২৮ অক্টোবর ঃ ক্রমশই ময়নাগুড়ি শহর থেকে গ্রামাঞ্চলে বাড়ছে চুরির ঘটনা। আর যা নিয়ে চিন্তিত ময়নাগুড়িবাসী। প্রশাসনের ভূমিকা নিয়েও উঠছে প্রশ্ন। ইতিমিধ্যেই ময়নাগুড়ি ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। যদিও প্রশাসনের তরফে পুলিশি টহল বাড়ানো হবে বলে জানানো হয়েছে। ময়নাগুড়ি শহরে লাগাতার বেড়ে চলেছে একের পর দুঃসাহসিক চুরির ঘটনা। যার জেরে প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছে। চলতি মাসেই বেশ কয়েকটি দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে ময়নাগুড়ি শহর থেকে শুরু করে গ্রামাঞ্চলে। কিন্তু অভিযোগ জানানোর পরেও কোনো রকম সুরাহা না হওয়ার অভিযোগ তোলেন ওই পরিবারগুলির একাংশ। মঙ্গলবার ময়নাগুড়ির দেবীনগর এলাকায় এক সোনা ব্যবসায়ীর বাড়ি থেকে পাঁচ লক্ষ টাকার মত সোনাদানা নিয়ে চম্পট দেয় চোরেরা। এর আগেও ময়নাগুড়ির বাবুপাড়া এলাকায় দুটি বাড়ি এবং দুটি প্রাথমিক স্কুলে চুরির ঘটনা ঘটে। এই নিয়ে স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, চুরির ঘটনার কিনারা ভালোভাবে করতে পারছে না পুলিশ। এমনকি এখনও পর্যন্ত চোরের গ্যাংকে পাকড়াতে পারেনি পুলিশ। এর মাঝেই বৃহস্পতিবার ময়নাগুড়ির জল্পেশ এলাকায় এক সোনার দোকানে চুরির ঘটনা ঘটে। জানা গেছে এদিন প্রায় ৬০ হাজার টাকার গয়না নিয়ে চম্পট দেয় চোরেরা। পরে ময়নাগুড়ি থানার পুলিশকে খবর দিলে পুলিশ সেখানে গিয়ে তদন্ত শুরু করেন। বার বার প্রশাসনের চোখে ধুলো দিয়ে চুরির ঘটনা উদ্বেগে ফেলেছেন ময়নাগুড়িবাসী সহ ব্যবসায়ী সমিতিগুলিকে। ময়নাগুড়ি ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে সুমিত সাহা বলেন, এই ঘটনায় আমরা ব্যবসায়ীরা চিন্তিত। আমাদের নিরাপত্তার অভাব বোধ করছি। এই বিষয়ে আমরা প্রশাসনের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করছি পুলিশি টহল বাড়ানোর জন্য। অন্যদিকে ময়নাগুড়ির প্রাক্তন বিধায়ক অনন্ত দেব অধিকারী বলেন, দিন দিন যেভাবে ময়নাগুড়িতে চুরি বেড়েছে সেটা একটা চিন্তার বিষয়। আমরা এ ব্যাপারে ময়নাগুড়ি পুলিশ-প্রশাসনের সঙ্গে কথা বলব। অন্যদিকে ময়নাগুড়ি থানার আইসি তমাল দাস জানান, প্রতিটি চুরির ঘটনার তদন্ত করছে পুলিশ।

পথ দুর্ঘটনায় মৃত ১ বাইক আরোহী

দুরন্ত বার্তা, মালদা, ২৮ অক্টোবর ঃ বেপরোয়া চার চাকার স্করপিও'র ধাক্কায় মৃত্যু হল এক বেসরকারি কোম্পানির মহিলা ডিস্ট্রিবিউটরের। এই দুর্ঘটনায় গুরুতর জখম হয়েছেন মৃত মহিলার এক আত্মীয়। এরা দু'জনেই বাইকে করে বাড়ি ফিরছিলেন। বুধবার রাতে মর্মান্তিক পথ দুর্ঘটনাটি ঘটেছে পুরাতন মালদা থানার সাহাপুর গ্রাম পঞ্চায়েতের সেতু মোড় এলাকার রাজ্য সড়কে। প্রত্যক্ষদর্শীরা পুলিশকে জানিয়েছে, স্করপিও গাড়িটি দ্রুত গতিতে মোটরবাইকে এসে ধাক্কা মারায় ঘটনাস্থলেই মৃত্যু হয় মোটর বইকে বসে থাকা মহিলা আরোহীর। গুরুতর জখম হন বাইক চালক। পরিস্থিতি বেগতিক দেখে স্করপিওতে থাকা চালক সহ অন্যান্যরা গাড়ি ফেলে ঘটনাস্থল থেকে পালিয়ে যায় বলে অভিযোগ। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে পৌঁছায় পুরাতন মালদা থানার বিশাল পুলিশবাহিনী। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত মহিলার নাম মৌসুমী চ্যাটার্জি (৪০)। তার বাড়ি মালদা শহরের রামকৃষ্ণ পল্লী এলাকায়। আহত হয়েছেন ওই মহিলার এক আত্মীয় গৌর চন্দ্র রায় (৪৫)। তার বাড়ি মালদা শহরের কৃষ্ণকালী তলা এলাকায়। এদিন রাতে কোম্পানির কাজ সেরে ওই দু'জন বাইকে করে হবিপুর থানার বুলবুলচন্ডী এলাকা থেকে মালদা শহরে ফিরছিলেন। কিন্তু সেতুমোড় এলাকার মালদা-নালাগোলা রাজ্য সড়কের একটি বেপরোয়া চার চাকার স্করপিও নিয়ন্ত্রণ হারিয়ে ওই বাইকে ধাক্কা মারে। ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই মহিলার। সংকটজনক অবস্থায় বাইক চালকের চিকিৎসা চলছে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে। পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

পূর্ব রেলওয়ে

টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর ঃ এসজি.টেন্ডার/ডিএসটিই/এসডিএইচ/৩৫৮, তারিখ ২৭.১০.২০২১। সিনিয়র ডিএসটিই, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন। **ই-টেন্ডার নম্বর ঃ ডিএসটিই/টি/০৩/২১-২২/ আরআরএসকে। অবস্থান সহ কাজের নাম ঃ** শিয়ালদহ ডিভিশনে এসডিএএইচ/এম, পিপিজিটি এবং পিকিউএস-এ পুরনো ও জরাজীর্ণ কন্ট্রোল-কাম-ইন্ডিকেশন প্যানেলের প্রতিস্থাপন। **টেন্ডার মূল্যমান ঃ** ১৭,০৩,৯৭৮ টাকা। **বায়নামূল্য জমা করতে হবে ঃ** নেই। **টেন্ডার জমা শুরুর তারিখ ঃ** ১৬.১১.২০২১। **টেন্ডার জমা বন্ধের তারিখ ঃ** ৩০.১১.২০২১-এ দুপুর ২টা পর্যন্ত। **টেন্ডার বিড খোলার তারিখ ঃ** ৩০.১১.২০২১-এ দুপুর ২.৩০টা। বিশদ বিবরণ যেখানে পাওয়া যাবে ঃ **www.ireps.gov.in**

SDAH-116/2021-22

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

Offline Tender is being invited by A.E, Bolpur Electrical Sub Division, PWD, for "Up gradation of substation by augmentation of transformer capacity and replace LT panel oil type HT gear at Bolpur SDH, Birbhum—Supply and Laying of Alluminium armoured cable from feeder piller to Pump House" **NIT No-WBPWD/AE-BESD/NIT-03 (1 st Call) of 2021-22**, Bid submission closing Date---**09/11/2021 up to 02 PM**, For more information Visit **http://www.pwdwb.in**

Sd/- Assistant Engineer, P.W.D, Bolpur Electrical Sub-Division

Notice Inviting Quotation

Sealed Tender are hereby invited against different groups of **N.I.Q. NO - 13 to 26 of 2021-22** under E.E (A-M), Howrah, for suppty of different electrical & miscellaneous items for maintenance of different Major R.L.I. schemes under HOWRAH (A-M) DIVISION from the bonafide agencies. Details available on the Notice Board of the office of the undersigned on any working day during office hours. Last date of application : **08/11/2021 up to 2.00 P.M.**

Sd/-Executive Engineer (A-M), Howrah (Agri-Mech) Division

টোঙ্গানি টি কোম্পানি লি.

CIN NO- L01132WB1893PLC000742

রেজি অফিস ঃ ১৫বি, হেমন্ত বসু সরণী, ৩য় ফ্লোর, কলকাতা-৭০০০০১

ফোন নং. ২২৪৮৭৬৮৫, ফ্যাক্স নং. ঃ ০৩৩ ২২১০০৫৪১

ই-মেল ঃ **info@tonganitea.com**

ওয়েবসাইট ঃ **www.tonganitea.com**

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ২৯ সঙ্গে পড়তে হবে ধারা ৪৭ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অব্লিগেশানস ও ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ অনুসারে টোঙ্গানি টি কোম্পানি লিমিটেড-এর বোর্ডের পরিচালনবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে সোমবার, ৮ নভেম্বর, ২০২১ কোম্পানির রেজিস্টার অফিসে ১৫বি, হেমন্ত বসু সরণী, ৩য় ফ্লোর, কলকাতা-৭০০০০১ বেলা ১.১৫ ঘটিকায় বিবেচনা, ইন্টার-আলিয়া, (১) অনুমোদন এবং রেকর্ড গ্রহণ স্বতন্ত্র বিবরণী অনিরীক্ষিত আর্থিক ফলাফল কোম্পানির ত্রৈমাসিক এবং ছয় মাস শেষে ৩০ সেপ্টেম্বর, ২০২১, (২) রেকর্ড গ্রহণ সাময়িক পর্যালোচিত ফলাফল ত্রৈমাসিক এবং ছয় মাস শেষে ৩০ সেপ্টেম্বর, ২০২১, (৩) বিবেচনা আভ্যন্তরীন লভ্যাংশ কোম্পানির ২০২১-২২ আর্থিক বছরের জন্য।

বোর্ডেরর পক্ষে

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৮.১০.২০২১

স্বা /- অরিন্দম রায় চৌধুরি
কোম্পানি সচিব
Membership No.A37602

হাওড়া পৌর নিগম

৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া-৭১১১০১

ফোন ঃ ০৩৩ ২৬৩৮ ৩২১১ / ১২ / ১৩, ফ্যাক্স ঃ ০৩৩ ২৬৪১-০৮৩০,

দেখুন ঃ **www.hmcgov.in**

ইঞ্জিনিয়ারিং বিভাগ (জল সরবরাহ)

নং.-টিএন/ইডি/ডব্লুএস/১৩/২১-২২ তারিখ ঃ- ২৭.১০.২০২১

সিলকরা টেন্ডার নোটিস

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ডব্লুএস), হাওড়া পৌর নিগম আহ্বান করছেন সিলকরা টেন্ডার (প্রস্তাবিত ফর্মে) প্রতিষ্ঠিত সম্পদশালী ও বিশ্বস্ত ঠিকাদার সংস্থার কাছ থেকে যাদের প্রভূত অভিজ্ঞতা রয়েছে একই ধরণের কাছে উন্নয়ন জল সরবরাহ পাইপ লাইন বিছানো, প্রতিবন্ধকতা সরানো, সাবমার্সিবল পাম্পো তোলা, ভালভ প্রতিস্থাপন, ভালভ মেরামতি, লিকেজ মেরামতি, পাইপ লাইন নামানো ও ভালভ চেম্বার ঢাকা এমএস প্লেট দিয়ে এইচএমসি বিভিন্ন এলাকায়। অনুসারী তথ্যাবলী পাওয়া যাবে জল সরবরাহ বিভাগ (মুখ্য কার্যালয়), এইচ.এম.সি. থেকে বেলা ১২.০০ টা থেকে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে (শনিবার ছাড়া)। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৭.১১.২০২১ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে। এইচএমসি কর্তৃপক্ষর অধিকার সংরক্ষিত রয়েছে গ্রহণ বা বাতিল করতে যে কোন আবেদন কোন কারণ উল্লেখ ছাড়া।

১৩১(১)/২১-২২ ২৮.১০.২০২১

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার
হাওড়া পৌর নিগম

লিখামি কনসালন্টিং লিমিটেড

CIN : L45209WB1982PLC034804

রেজি. অফিস ঃ ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী, রুম নং.১, ২য় ফ্লোর, সার্দান এভিনিউ, কলকাতা-৭০০০২৯

ই-মেলঃ info@likhamiconsulting.com, ওয়েবসাইট ঃ ww.likhamiconsulting.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী ত্রৈমাসিক এবং ছয় মাস সমাপ্তে ৩০ সেপ্টেম্বর, ২০২১

(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)

(টাকায়)

ক্র নং.	বিবরণ	ত্রৈমাসিক শেষে ৩০ সেপ্টেম্বর, ২০২১	বছর থেকে তারিখ চলতি বছর সমাপ্তে ৩০ সেপ্টেম্বর ২০২১	চলতি ত্রৈমাসিকে পূর্বেকার বছর সমাপ্তে ৩০ সেপ্টেম্বর, ২০২১
		অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত
১	মোট আয় কারবার থেকে	১,১৮৫,০১৭	২,১৫৭,২২৭	১,০৪০,০০০
২	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পূর্বে, অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেমে)	২৮৯,৮১৫	৩৯৭,৮০৬	১৩,০৫৯
৩	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর)	২৮৯,৮১৫	৩৯৭,৮০৬	১৩,০৫৯
৪	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর)	২৮৯,৮১৫	৩৯২,৬৬৬	১৩,০৫৯
৫	মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয়	২৮৯,৮১৫	৩৯২,৬৬৬	১৩,০৫৯
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৯৯৫০০০০০	৯৯৫০০০০০	৯৯৫০০০০০
৭	সংরক্ষিত (রেভিলিউশান রিজার্ভ সহ যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে)	-	-	-
৮	শেয়ার প্রতি আয় (১০ /- টাকা প্রতি) (বার্ষিকীকৃত নহে) মূল ও মিশ্র	০.০৩	০.০৪	০.০০

দ্রষ্টব্য ঃ

উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক এবং ছয় মাস সমাপ্তে অনিরীক্ষিত আর্থিক ফলাফল যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জে ওয়েবসাইটে-www.bseindia.com ও www.cse-india.com। একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে-www.likhamiconsulting.com।

বোর্ডের আদেশানুসারে
লিখামি কনসালন্টিং লিমিটেড-এর পক্ষে
বাবু লাল জৈন
সর্বক্ষণের পরিচালক

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৮ অক্টোবর, ২০২১
DIN No.:02467622

KOLKATA MUNICIPAL CORPORATION - TENDER

Name of the department : **DLPS/S&D.** Tender invited & to be received by : **Director General (S&D).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **Repairing & overhauling of 3 nos. Sluice Valve (350 dia) and 2 nos. Non-return Valve (350 dia) at the discharge sewer line of pump unit no.-4, 5 & 6 at Jorabridge Drainage Pumping Station; Open quotation; 12.11.2021 at 12.00 noon/12.30 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Lighting/Zone-I.** Tender invited & to be received by : **Executive Engineer (Electrical)/Lighting/Zone-I.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **Improvement of lighting arrangement by LED fittings at Nather Bagan and different places in Ward No.-19; ₹ 2,52,966.22; 18.11.2021 at 1.30 p.m./2.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Bustee Services.** Tender invited & to be received by : **Executive Engineer (C)/ Bustee Services (North).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Development of bustee passage at 10, D. L. Khan Road, 55/1 Truf Road in Ward No.-71; ₹ 3,73,137.12; (2) Repairing of pay and use toilet at Gopal Nagar More, Belvedere Road and beside Harish Park in Ward No.-73 and 74; ₹ 3,98,736.03; 13.11.2021 at 12.00 noon/2.00 p.m. (For Sl. No. 1 & 2);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Bustee Services.** Tender invited & to be received by : **Dy. Chief Engineer (C)/ Bustee Services (South).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Construction of sanitary latrines at K. G. Road and its surrounding slum area in Ward No.-123, BR-XVI; ₹ 4,45,138.67 (Including GST, CESS, Excluding Contingency); (2) Development of passage near 61, 62, Tiljala Masjid Bari Lane and its surrounding area in Ward No.-65; ₹ 4,85,830.16; (3) Construction of sanitary latrine at different places of Tiljala Road, Tiljala Masjid Bari Lane, Tiljala Shibtala Lane and its surrounding area in Ward No.-65; ₹ 4,41,256.00; (4) Construction of sanitary latrine at different places of Dakshin Boinchtala, Arupota and its surrounding area in Ward No.-58; ₹ 4,30,890.03; (5) Construction of sanitary latrine at different places of Boinchtala, Khanaberiya and its surrounding area in Ward No.-58; ₹ 4,28,864.14; (6) Construction of sanitary latrines at Atabagan and different slum area in Ward No.-111, BR-XI; ₹ 4,52,287.31 (Including GST, CESS, Excluding Contingency); (7) Construction of sanitary latrines at Biswas Para and its surrounding slum area in Ward No.-125, BR-XVI; ₹ 4,45,276.94 (Including GST, CESS, Excluding Contingency); (8) Construction of sanitary latrines at Khalpole and its surrounding slum area in Ward No.-144, BR-XVI; ₹ 4,31,872.22 (Including GST, CESS, Excluding Contingency); 13.11.2021 upto 12.00 noon/at 2.00 p.m. (For Sl. No. 1 to 8);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Solid Waste Management-I.** Tender invited & to be received by : **C.M.E. (SWM).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Construction of shed for B.O.H.D. along with other ancillary work at J. N. Road, behind Metro Channel in Ward No.-46, under BR-VI; ₹ 2,82,419.00; (2) Repairing of damaged 100 nos. G.I. hand carts & 50 nos. tri-cycle paddle van in different Wards, under A.D./(SWM-I)/BR-VI; ₹ 2,96,285.00; (3) Supplying of spares with fitting and fixing for 50 nos. tri-cycle paddle van in different Wards, under A.D./(SWM-I)/BR-VI; ₹ 1,79,538.00; 08.11.2021 up to 1.15 p.m./at 1.45 p.m. (For Sl. No. 1 to 3);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Lighting/Zone-IV.** Tender invited & to be received by : **Executive Engineer (Electrical)/Lighting/Zone-IV.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Renovation & other works of bustee lighting system at Baganbari, Khulipara, Kumarpara & other slum areas in Ward No.-81, BR-X; ₹ 1,82,067.35; (2) Renovation & other works of bustee lighting system at Nikaripara, Majherhat Colony, Kamar Math & other slum areas in Ward No.-81, BR-X; ₹ 1,80,325.27; (3) Repairing, maintenance and other work of street lighting system at different places of Tollygunge Road and D. P. S. Road, Ward No.-81, BR-X; ₹ 1,24,755.20; (4) Repairing, maintenance and other work of street lighting system at different places of Chetla Road and T. C. Road, Ward No.-81, BR-X; ₹ 1,24,928.92; (5) Temporary lighting arrangement at 657, 662A, T. C. Road & adjacent areas in Ward No.-81 under BR-X; ₹ 1,49,826.00; 12.11.2021 at 12.30 p.m./2.00 p.m. (For Sl. No. 1 & 5);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Drainage (GRBU).** Tender invited & to be received by : **Dy. Chief Engineer (E)/ S&D.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **Complete repairing, servicing and overhauling of 40 kVAR APFC system for DWF pumps at Padirhati under GRBU; Rate to be quoted; 29.11.2021 at 12.00 noon/12.30 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Entally Workshop.** Tender invited & to be received by : **Controlling Officer (E.W.S).** Name of the work & Location; Estimated Amount (excluding CESS & Contingency amount) and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **Cleanning and sweeping work of different workshop & its surroundings within the premises of E.W.S. (2nd Phase); ₹ 2,80,830.00; 18.11.2021 at 12.01 p.m./12.30 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Asphaltum (Goragacha).** Tender invited & to be received by : **Dy. Chief Engineer (M)/Roads.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **Maintenance of Air Pollution Control system periodically of Drum Mix Plant-2 under Asphaltum Goragacha; Quotation; 17.11.2021 at 01.00 p.m./01.30 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Supply.** Open tender invited & to be received by : **C/ICMP.** Name of the work & Location; Estimated Amount and Last date and time of receipt/opening of tender paper are as follows : **"Tender for procurement of bamboo green for the F/Y - 2021-2022"; ₹ 4,03,976.00; 16.11.2021 at 01.00 p.m./02.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in** (569/21-22)